

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd

নং: ৩৩.০২.০০০০.১১৪.০২.০২৭.১৬.-০২/১(৫)


তারিখ: ০৫/০১/২০১৭ খ্রি.

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement-APA) আওতায় সম্পাদিত কার্যক্রমসমূহের প্রমাণক সংগ্রহপূর্বক মৎস্য অধিদপ্তরে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বাস্তবায়িত কার্যক্রমসমূহের প্রমাণক প্রদানের জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। সে প্রেক্ষিতে উর্ধ্বতন কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী তাৎক্ষণিকভাবে উপস্থাপন করার লক্ষ্যে সম্পাদিত নিম্নোক্ত কার্যক্রমসমূহের প্রমাণক সংগ্রহ ও সংরক্ষণ প্রয়োজন :

১. প্রদর্শনী মৎস্য খামার স্থাপন
২. মৎস্য আবাসস্থল উন্নয়ন
৩. বিল নার্সারি স্থাপন
৪. উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তি
৫. মৎস্য হ্যাচারি নিবন্ধন ও নবায়ন
৬. মৎস্য খাদ্য মান পরীক্ষা
৭. মাছের অভয়াশ্রম ব্যবস্থাপনা
৮. মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি

এমতাবস্থায় উপরিউক্ত কার্যক্রমসমূহের সংগৃহীত প্রমাণকের ১ (এক) কপি মৎস্য অধিদপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।


(মোঃ আমিনুল ইসলাম)

উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা)
(চলতি দায়িত্ব)

মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

কার্যার্থে বিতরণ:

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ (সংগৃহীত প্রমাণকসমূহ যথাশীঘ্র সম্ভব মৎস্য ভবনে প্রেরণের অনুরোধসহ)।
২. জেলা মৎস্য কর্মকর্তা (সকল).....(সংগৃহীত প্রমাণকসমূহ যথাশীঘ্র সম্ভব বিভাগীয় উপপরিচালক বরাবর প্রেরণের অনুরোধসহ)।
৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।